একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.১৮.৩৪৮

তারিখ : ০১ চৈত্র ১৪২৪ / ১৫ মার্চ ২০১৮

বিষয় : রিভিউ অন্তে হজ এজেন্সিকে শাস্তি/জরিমানা প্রদান।

১৪৩৮ হিজরি/ ২০১৭ খ্রি. সনের হজ কার্যক্রমে অংশগ্রহনকারী অভিযুক্ত হজ এজেন্সিসমূহকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যথাযথ পদ্ধতি অনুসরণ করত: ভিন্ন ভিন্ন স্মারকে শাস্তি প্রদান করা হয়। উক্ত শাস্তির বিষয়ে সংক্ষুদ্ধ এজেন্সিসমূহের রিভিউ আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট এজেন্সিসমূহের শুনানী গ্রহণপূর্বক রিভিউ কমিটি কর্তৃক প্রদত্ত মতামত/সুপারিশের আলোকে এবং জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী সরকার কর্তৃক নিম্নবর্ণিত হজ এজেন্সির নামের পার্শ্বে বর্ণিত চূড়ান্ত শাস্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| ১. | Al-Amanat Travels Gani Manzil, 37, Rajapukur Lane Anderkilla, Chittagong. | 011 | এজেন্সির মোনাজ্জেম জনাব নাজমুল হুদা উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তিনি মোনাজ্জেম নিয়োজিত হলেও হজের সময় সৌদি আরব যাননি। জনাব ছাবের আহমেদকে সৌদি আরব প্রেরণ করেন। এজেন্সির বিরুদ্ধে অভিযোগগুলো সত্য মর্মে রিভিউ কমিটির নিকট প্রতীয়মান হয়েছে। | আল আমানত ট্রাভেলস (হ: লা: ১১) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলের আদেশ বহাল রাখা হলো। |
| ২. | Shimon Overseas Express, East Kazir Bazar, Sylhet-3100. | 0130 | শিমন ওভারসীজ এক্সপ্রেস (হ:লা: নং-১৩০) এর মোনাজ্জেম মো: মীর আহমেদ উপস্থিত হন। তার বক্তব্যে তিনি বলেন যে, তিনি লাইসেন্সটি ক্রয় করে পরিচালনা করছেন। এ বিষয়ে তিনি মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করেননি।ভিসা লজমেন্টের সময় উল্লেখিত বাড়িতে তিনি হাজী রাখেননি। তাছাড়া মোনাজ্জেম হিসেবে তিনি দায়িত্বপ্রাপ্ত হলেও নিজে না গিয়ে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত তার ভাইকে সৌদি আরবে প্রেরণ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, গ্রামীণ এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ৫২২) এর মূল মালিক তিনি নিজে।<br>জনাব মীর আহম্মেদ এর বক্তব্য এবং তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন যথাযথ বলে প্রতিয়মান হয়। | শিমন ওভারসীজ এক্সপ্রেস (হ: লা: ১৩০) এজেন্সির বিরুদ্ধে পূর্বে প্রদত্ত জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এর আদেশ বহাল রাখা হলো। |
| ৩. | Air Land International Ltd. 53/3, DIT extension Road (Ground Floor), Fakirapool, Dhaka-1000. | 162 | এজেন্সির চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলাম উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে তিনি বলেন যে, তদন্ত কমিটির নিকট লাইসেন্স ভাড়া দেয়ার বিষয়ে মিথ্যা বলেছিলেন । তিনি ভেবেছিলেন যে, মিথ্যা বলে মাফ পাবেন মর্মে জানান। | এয়ার ল্যান্ড ইন্টারন্যাশনাল লিমিটেড (হ: লা: নং-১৬২) এর হজ লাইসেন্স বাতিল এবং জামানত বাজেয়াপ্ত দন্ড বহাল রাখা হলো। |
| ৪. | Air Chanel Travels International, 699, SK. Mujib Road, Dewanhat, Chittagong-4100. | 0164 | এজেন্সির স্বত্তাধিকারী/বৈধ প্রতিনিধি শুনানীতে অনুপস্থিত ছিলেন। | এয়ার চ্যানেল (হ: লা: ১৬৪)-এর হজ লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত এবং ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানা করা হলো। |
| ৫. | Orion air service, sena kalyan bhaban, suit # 102, (g.f), 195, motijheel, c/a. Dhaka-1000 | 0188 | এজেন্সির স্বত্তাধিকারী জনাব সাকিল আহম্মেদ উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। হাজীদের সংগে এজেন্সির মালিক ও গ্রুপ লিডার প্রতারণা করেছেন। এ বিষয়ে সি. আর.২৮০/২০১৭ মামলা চলমান রয়েছে। | ওরিয়ন এয়ার সার্ভিস (হ: লা: ১৮৮) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো:<br>(ক) ওরিয়ন এয়ার সার্ভিসে (হজ লাইসেন্স নং-১৮৮) হজ লাইসেন্স বাতিল এবং মালিক জনাব শাকিল আহমেদ-কে ২০ লক্ষ |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | | | | টাকা জরিমানা;<br><br>(খ) গ্রুপ লিডার জনাব হাফিজুর রহমান মল্লিক এর সাথে ভবিষ্যতে হজ সংক্রান্ত কোন প্রকার লেনদেন, হজযাত্রী সংগ্রহ বা অন্য কোন ধরনের কাজ থেকে বিরত থাকার জন্য হাব-কে অনুরোধ করা হলো। |
| ৬. | Keranigonj Travels Service, 27/11/3/A, Topkhana Road, Purana Paltan, (Near Hotel Pritom) Dhaka-1000. | 0227 | এজেন্সির স্বত্বাধিকারী জনাব মো: ইদ্রিস উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। উক্ত এজেন্সি বৈধ হজযাত্রীর পরিবর্তে অন্য হজযাত্রীদের প্রতিস্থাপন (Replacement) করে যা জাতীয় হজ ও ওমরাহ নীতির পরিপন্থি কাজ। এছাড়া সংশ্লিষ্ট বিসয়ে আদালতে মামলা চলমান রয়েছে। | (ক) কেরাণীগঞ্জ ট্রাভেলস সার্ভিস (হ:লা: নং-২২৭) এর হজ লাইসেন্স বাতিল ও ১৫ লক্ষ টাকা জরিমানা করা হলো।<br>(খ) কেরাণীগঞ্জ ট্রাভেলস সার্ভিস (হ:লা: নং-২২৭) এবং দি ম্যাক্সিম ট্রাভেলস (হ: লা: ১২৬৫) এর মালিককে হাবের মধ্যস্থতায় আর্থিক নিস্পত্তি করে ১ মাসের মধ্যে হাজীদের পাওনা পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৭. | Asa Aviation, 14, Purana Paltan, Darul Salam Arket (level-6), Ext Room-10, Dhaka. | 0342 | আশা এভিয়েশন (হ:লা: নং-৪২) এর পক্ষে জনাব রেজাউল করিম উপস্থিত ছিলেন। তার বক্তব্য শোনা হল। নথিপত্র পর্যালোচনায় এজেন্সিগুলোর বিরুদ্ধে অভিযোগগুলো সত্য মর্মে রিভিউ কমিটির নিকট প্রতীয়মান হয়েছে। | আশা এভিয়েশন (হ. লা. ৩৪২)-কে ইতোপূর্বে প্রদত্ত ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা আদেশ বহাল রাখা হলো। |
| ৮. | Grameen Air International, Baitul Khair (11th Floor), Room No. 2/A, 48/A-B, Purana Palton, Dhaka-1000. | 0522 | এ আদেশের ক্রমিক নং- ২ এ শিমন ওভারসীজ এক্সপ্রেস এর সাথে একত্রিত করে গ্রামীণ এয়ার ইন্টারন্যাশনাল এর পর্যালোচনা দেয়া হয়েছে। | গ্রামীণ এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ৫২২) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এর আদেশ বহাল রাখা হলো। |
| ৯. | United Tours & Travel (Pvt.) Limited, 79-Agrabad C/A (Infront of Hotel Agrabad) Ground Floor, Chittagong. | 0542 | রিভিউ শুনানীতে এজেন্সির মালিক/বৈধ প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। এটি যথাযথ বলে বিবেচিত হয়। | ইউনাইটেড ট্যুরস এন্ড ট্রাভেলস প্রা: লি: (হ: লা:৫৪২) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো:<br>" হজ লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্তসহ ৫(পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ১০. | Golden travels & cargo services, 159/c, tajgaon industrial area, dhaka. | 562 | এজেন্সির প্রতিনিধি জনাব আইনুল হক শুনানিতে উপস্থিত হন। প্রকৃত মালিক শুনানিতে উপস্থিত হননি। আইনুল হক মালিকের ভাই হিসেবে দাবী করেন। কিন্তু বৈধ কোন প্রমাণ/কাগজ রিভিউ কমিটিকে প্রদর্শন করতে পারেননি। | গোল্ডেন ট্রাভেলস এন্ড কার্গো সার্ভিসেস (হ: লা: ৫৬২) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত তিন বছর (২০১৮-২০২০) পর্যন্ত হজ সংক্রান্ত কার্যক্রম স্থগিতসহ ০৬ (ছয়) লক্ষ টাকা জরিমানা দন্ড বহাল রাখা হলো। |
| ১১. | Bushra Travels & Tours, 28/2, Toynbee Circular Road, Malek Tower (GF), Motijheel, Dhaka. | 0566 | শুনানীতে বুশরা ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: নং-৫৬৬) এর ব্যবস্থাপক জনাব আবুল বাশার উপস্থিত ছিলেন। তার বক্তব্য শোনা গেল। দেখা যায় যে, এ এজেন্সির বিরুদ্ধে ০৩(তিন)টি কমিটিই পৃথক পৃথক অভিযোগে শুনানীয়ান্তে প্রতিবেদন প্রদান করেন। কমিটি-১, কমিটি-২ ও কমিটি-৩ এর প্রতিবেদন পর্যালোচনা করা হলো। কমিটির প্রতিবেদনগুলো যথার্থ বলে প্রতিয়মান হয় । শাস্তির আদেশ খন্ডানোর মতো তিনি কোন তথ্য/যুক্তি উপস্থাপন | বুশরা ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: নং-৫৬৬) জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল করা হলো। |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | | | করতে পারেননি। | |
| ১২. | Abco Overseas. 292, Fakirapoor, Satabdi Center (15th floor), Suite# 15-F, Motijheel, Dhaka | 0575 | রিভিউ শুনানীতে এ্যাবকো এয়ার সার্ভিস (হ: লা: ৫৭৫) এজেন্সির স্বত্তাধিকারী জনাব মো: আল আমিন উপস্থিত ছিলেন। তার বক্তব্য শোনা গেল। সিরাজগঞ্জ ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: নং-১২০২) রিভিউ আবেদন করেনি। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ। শুনানীকালে এ্যাবকো এয়ার সার্ভিস এর মালিক শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | এ্যাবকো এয়ার সার্ভিস (হ: লা: ৫৭৫)-কে ইতোপূর্বে হজ লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত আদেশ বহাল রাখা হলো। |
| ১৩. | Abyadz Travels & Tours. 1034/1, Begum Rokeya Sharani (Gr. Floor) East Shewrapara, Mirpur, Dhaka-1216. | 0579 | এজেন্সির স্বত্তাধিকারী জনাব আহম্মদ হোসাইন উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ।শুনানীকালে আবয়াজ ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৫৭৯) এরএর মালিক শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | আবয়াজ ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৫৭৯)-কে ইতোপূর্বে প্রদত্ত হজ লাইসেন্স ০২ (দুই) বছরের (২০১৮ ও ২০১৯ সাল) জন্য স্থগিত এবং ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা শাস্তি বহাল রাখা হলো। |
| ১৪. | Amana Business Solution3/4 , Purana Palton (Madina Tower), Dhaka-1000 | 0591 | এজেন্সির মোনাজ্জেম জনাব নাসির উদ্দিন আসাদ উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ ।শুনানীকালে আমানা বিজনেস সল্যুশন (হ: লা: ৫৯১) এর মোনাজ্জেম শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | আমানা বিজনেস সল্যুশন (হ: লা: ৫৯১) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত দন্ড বহাল রাখা হলো। |
| ১৫. | Al-Balad Overseas. 59/3, Purana Paltan, Saleha Manzil (4th floor), Paltan, Dhaka. | 633 | এজেন্সির মালিক জনাব মাহবুব হোসেন বর্তমানে ভারতে অবস্থান করছেন মর্মে এজেন্সির পক্ষে শুনানীতে উপস্থিত জনাব তরিকুল ইসলাম তারেক জানান। জনাব তারেক এজেন্সির প্রতিনিধি হিসেবে কোন বৈধ কাগজপত্র দেখোতে পারেনি। শুনানী ও নথিপত্র পর্যালোচনায় এজেন্সির বিরুদ্ধে অভিযোগগুলো সত্য মর্মে রিভিউ কমিটির নিকট প্রতীয়মান হয়েছে। | আল বালাদ ওভারসীজ (হ: লা: ৬৩৩) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এবং ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা বহাল রাখা হলো। |
| ১৬. | Al-Bari Travels International. 438, Abadin Bhaban, Sonirakhra, Sampur, Dhaka. | 0635 | এজেন্সির মালিক জনাব ওবায়দুল্লাহ উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ।শুনানীকালে আল বারী ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা: ৬৩৫) এর মালিক শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | আল বারী ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা: ৬৩৫) এর বিরুদ্ধে ইতোপূর্বে 'প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো:<br>**"(ক) হজযাত্রীদের** না জানিয়ে রিপ্লেস করার জন্য আল বারি ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ.লা-০৬৩৫) বাতিল এবং ১০ লক্ষ টাকা জরিমানা।<br>**(খ)** একই সাথে **হজযাত্রীদের** সঙ্গে প্রতারণা করার জন্য গ্রুপ লিডার মাওলা মো. আব্দুস সালাম যেন **ভবিষ্যতে** হজ সংক্রান্ত কোন কার্যক্রমের **সঙ্গে জড়িত হতে না পারেন** সে বিষয়ে **হাবকে অনুরোধ** করা।<br>**(গ) টাকা আদায় এবং প্রতারণার জন্য এজেন্সি মালিক এবং** গ্রুপ লিডার মাওলা মো. আব্দুস সালাম এর বিরুদ্ধে **সংশ্লিষ্ট আদালতে** মামলা **দায়ের** করার জন্য **হজযাত্রীদের** পরামর্শ প্রদান ।" |
| ১৭. | Al-Hayat Aviation, 44, Naya Paltan (2nd Floor), | 0648 | এজেন্সির মালিক হাফেজ আরিফ আহম্মদ উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির | আল হায়াত এভিয়েশন (হ: লা: ৬৪৮) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | Paltan, Dhaka-1000. | | প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ।শুনানীকালে আল হায়াত এভিয়েশন (হ: লা: ৬৪৮) এর মালিক শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো: "(ক) এজেন্সিকে **০৫(পাঁচ)** লক্ষ টাকা জরিমানা। (খ) অভিযোগকারী হজযাত্রীর পছন্দ অনুযায়ী তাঁর প্রি.রেজিস্ট্রেশন নম্বর অন্য এজেন্সিতে স্থানান্তর করার জন্য এজেন্সির মালিককে নির্দেশ প্রদান।" |
| ১৮. | Al-Manar Tours & Travels. House=4/A(2nd Flr.) Road=2, Gulshan-1, Dhaka-1212, | **0663** | এজেন্সির অংশীদার আব্দুর রাজ্জাক জেহাদী উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রতিবেদনটি যথার্থ।শুনানীকালে **আল মানার ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৬৬৩)** এর মালিক শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | **আল মানার ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৬৬৩)** এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত এজেন্সীর **জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলের আদেশ** বহাল রাখা হলো। |
| ১৯. | Central Travels & Tours 85/1, Nayapaltan (3rd Floor), Mosjid Goli, Dhaka. | **0714** | এজেন্সির স্বত্ত্বাধিকারী জনাব মতিউর রহমান উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটি-২ ও তদন্ত কমিটি-৩ এর প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, কমিটি-৩ এর প্রতিবেদনটি যথার্থ । শুনানীকালে **সেন্ট্রাল ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ৭১৪)** এর স্বত্ত্বাধিকারী শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। | **সেন্ট্রাল ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ৭১৪)-কে** এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত ১০ লক্ষ টাকা জরিমানাসহ লাইসেন্স ০১ বছরের জন্য স্থগিত করা হলো। |
| ২০. | Century Aviation, Hamid Plaza(1st Floor), 22, Shahid Shangbadik Selina Parvin Road, Hamid Plaza (1st Floor), Moghbazar, Dhaka-1216, | **0715** | এজেন্সির অংশীদার জনাব আলী হায়দার খান উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে সেঞ্চুরী এভিয়েশন **(হ: লা: ৭১৫)** এর অংশীদার শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচানা করে উহা যথার্থ মর্মে প্রতীয়মান হয়। | সেঞ্চুরী এভিয়েশন **(হ: লা: ৭১৫) এর বিরুদ্ধে পূর্বে** প্রদত্ত ১০ লক্ষ টাকা জরিমানা এবং ০১ (এক) বছরের জন্য লাইসেন্স স্থগিত আদেশ বহাল রাখা হলো।" |
| ২১. | Dhaka Hajj Kafela & Travels, 855, East Seaorapara, Kafrul, Dhaka-1216 | **0732** | এজেন্সির স্বত্ত্বাধিকারী জনাব হাবীবুর রহমান উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে ঢাকা হজ কাফেলা এন্ড ট্রাভেলস **(হ: লা: ৭৩২)** এর স্বত্ত্বাধিকারী স্বীকার করেন যে, তার এজেন্সির বিরুদ্ধে যে অভিযোগ উত্থাপিত হয়েছে তা সত্য। তার নিয়োজিত মোনাজ্জেম জনাব রেজাউল করিম উজ্জল (ব্রাইট ট্রাভেলস এর স্বত্ত্বাধিকারী, যা সৌদি সরকার কর্তৃক কালো তালিকাভূক্ত) এর দায়িত্বহীনতার কারনে হাজীগণ কষ্টের স্বীকার হয়েছেন। তিনি শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। তবে তাকে এবারের মত ক্ষমা করে দেয়ার জন্য অনুরোধ জানান।<br>তদন্ত কমিটি-১, ২ ও ৩ এর প্রতিবেদন পর্যালোচনা করে কমিটি-৩ এর উহা যথার্থ বলে প্রতিয়মান হয়। অপরাধের গুরুত্ব এত বেশী যে, রিভিউ আবেদনকারীর আবেদন বিবেচনা করার কোন সুযোগ নেই। | ঢাকা হজ কাফেলা এন্ড ট্রাভেলস **(হ: লা: ৭৩২)** এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো:<br>"জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল এবং ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা।"<br>এ ছাড়া হজ লাইসেন্স নং-০০৪২ ব্রাইট ট্রাভেলস এর মালিক জনাব রেজাউল করিম উজ্জলকে কালো তালিকাভূক্ত মালিক হিসেবে চিহ্নিতপূর্বক হাব এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং তিনি যেন ভবিষ্যতে হজ ভিসায় সৌদি আরবে যেতে না পারেন সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান। |
| ২২. | Emon Travel & Tours, House=235, Road=10/A, Rojonigandha-2, (1st Flr.), West Dhanmondi, Dhaka, | **0757** | এজেন্সির ম্যানেজার জনাব আল আমিন শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হল। নথিপত্র পর্যালোচনা এবং তদন্ত কমিটির প্রতিবেদনে উক্ত এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য মর্মে প্রতীয়মান হয়। উপস্থিত প্রতিনিধি এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডাতে পারেননি। | ইমন ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ৭৫৭) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিল ও ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ২৩. | Fiha Tour & Travels. | **0771** | এজেন্সির মোনাজ্জেম জনাব শোয়াইব আনছারী | ফিহা ট্যুর এন্ড ট্রাভেলস **(হ: লা:** |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | 2/1-2/2, Arambag, Old-167 (1st Floor) Motijheel, Dhaka-1000. | | উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। অভিযুক্ত হজ এজন্সি অভিযোগকারী নিকট থেকে টাকা গ্রহণ করে তাদেঁরকে হজে প্রেরণ করেনি এবং অভিযোগকারীর চাহিদা অনুযায়ী প্রাক নিবন্ধন বাতিল না করার বিষয়টি স্বীকার করেছেন। শুনানীকালে ফিহা ট্যুর এন্ড ট্রাভেলস **(হ: লা: ৭৭১)** এর মোনাজ্জেম শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচানা করে উহা যথার্থ মর্মে প্রতীয়মান হয়। | **৭৭১)** এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিলসহ ১০.০০(দশ) লক্ষ টাকা জরিমানা। পাশাপাশি জনাব শোয়াইব আনছারী এর এ ধরণের আচরন থেকে ইস্কাটন জামে মসজিদের পরিচালনা কমিটিকে অবহিত করা। |
| ২৪. | Global Vision Travels, 16, Dilkusha (3rd Floor) C/A, Dhaka-1000. | **0786** | 'এজেন্সির প্রতিনিধি জনাব মাহমুদুর আনোয়ার উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে তিনি এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা করেন। উল্লেখ্য রিভিউ কমিটির শুনানীর সময় এজেন্সির মালিক অনুপস্থিত ছিলেন। | **গ্লোবাল ভিশন (হ: লা:৭৮৬)** এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত লাইসেন্স ০১ (এক) বছর (২০১৮ খ্রি. সনের) জন্য স্থগিতসহ ০৩ (তিন) লাখ টাকা জরিমানা করা হলো। |
| ২৫. | Globe Tours And Travel Agency. Sabalia, Houlding No-0332-01, Tangail Sadar, Tangail. | **0787** | এজেন্সির অংশীদার খন্দকার শফিকুল ইসলাম উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। উক্ত এজেন্সির ১(এক)জন হাজী বাংলাদেশে ফেরত আসেনি মর্মে তিনি স্বীকার করেন। সৌদি আরবে গঠিত তদন্ত কমিটি এজেন্সির বর্তমান মালিক দাবীদার ০৩ (তিন)জন ব্যাক্তির **(খন্দকার শফিকুল ইসলাম, মো: জাহাঙ্গীর হোসেন ও মো: শরীফ জামিল)** বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করেছেন। | **গ্লোব ট্যুরস এন্ড ট্রাভেল এজেন্সী (হ: লা:৭৮৭)** এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এবং ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ২৬. | Gulshan-A-Muhammadia Travels. Islam Empire Estate, 55/A, Purana Paltan (5th Floor), Dhaka-1000. | **0798** | এজেন্সির স্বত্তাধিকারী জনাব মোহাম্মদ হোসেন উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে জানা যায়, এজেন্সির লাইসেন্স মোনাজ্জেম আহাদ সালমান ভাড়ায় পরিচালনা করছেন। তাছাড়া সৌদি আরবে মোয়াল্লেম ফি এখন পরিশোদ করেননি এবং এ এজেন্সির ৭জন হাজী হজে যেতে পারেননি। | গুল-শান এ মোহাম্মাদিয়া ট্রাভেলস (হ: লা: ৭৯৮) এর বিরুদ্ধে নিম্নরুপ শাস্তি প্রদান করা হলো:<br>**(ক)** লাইসেন্স বাতিলসহ ১০ লক্ষ টাকা জরিমানা;<br>(খ) এজেন্সির মালিককে মন্ত্রণালয় বরাবর ৯ হাজার রিয়েল এবং প্রত্যেক হাজী বরাবরে ৫০০ রিয়েল সমপরিমান অর্থ অনতিবিলম্বে ফেরত প্রদানের জন্য নির্দেশ প্রদান;<br>(গ) হাজীদের সাথে প্রতারণামূলক আচরণ করার জন্য তথাকথিত গ্রুপ লিডার জনাব মো. মিজানুর রহমান, মোবাইল-০১৭৩১৪৪৩৩৯২ এবং মোনাজ্জেম আব্দুল আহাদ সালমান, মোবাইল-০১৬৩৮৫০৯৭৩৯ এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য অভিযোগকারীগণকে পরামর্শ প্রদান। |
| ২৭. | Hadi Travels. Shatabdi Center, 292, Inner Circular Road (2nd Floor), Fakirapool, Dhaka-1000. | **805** | এজেন্সির মালিক জনাব হেদায়তুল্লাহ হাদী শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হল। নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত কমিটির প্রতিবেদনে উক্ত এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য মর্মে প্রতীয়মান হয়। উপস্থিত প্রতিনিধি এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডাতে পারেননি। এজেন্সি মক্কাতে যথা সময়ে মোয়াল্লেম ফি পরিশোধ না করায় হাজীদের অবর্ননীয় দুর্ভোগের স্বীকার হতে হয়। | হাদি ট্রাভেলস এন্ড ট্যুরস (হ.লা-৮০৫)-কে পূর্বে প্রদত্ত লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা বহাল রাখা হলো। |
| ২৮. | Jannath Hajj Travels & | **851** | এজেন্সির পক্ষে জনাব মো: মিজানুর রহমান | জান্নাত ট্রাভেলস এন্ড ট্যুরস |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | Tours. Jannath Mahal, 351/6, Cornal Nowajesh Uddin Road, 2nd Muradpur, Comilla. | | শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হল। নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত কমিটির প্রতিবেদনে উক্ত এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য মর্মে প্রতীয়মান হয়। উপস্থিত প্রতিনিধি এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডাতে পারেননি। | (হ.লা-০৮৫১)-কে পূর্বে প্রদত্ত হজ লাইসেন্সটি বাতিল এবং লাইসেন্সের সাথে যুক্ত এফডিআর বাজেয়াপ্ত করার আদেশ বহাল রাখা হলো। |
| ২৯. | Kashem Tour & Travels, 34/Ka, Khilkhet Tanpara, Khilkhet, Dhaka-1229. | 0873 | এজেন্সির স্বত্বাধিকারী জনাব আবুল কাশেম উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটি-১, ২ ও ৩ এর প্রতিবেদন পর্যালোচানা করা হল। কাশেম ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৮৭৩), মনির ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ১০৪৯) এবং বুশরা ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৫৬৬) এ এজেন্সি ৩টির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়। এজেন্সি ৩টির কার্যক্রম সুষ্ঠু হজ ব্যবস্থাপনার পরিপন্থি। | কাশেম ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৮৭৩) এর বিরুদ্ধে প্রদত্ত "জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এবং ১০ লক্ষ টাকা জরিমানা বহাল রাখা হলো"। |
| ৩০. | Korotoya Travels International. zarina Mansion, New-154, Old-118, B.B Road, Narayanganj-1400 | 0893 | এজেন্সির স্বত্বাধিকারী জনাব হাবিবুল্লাহ বাতেন সায়মন উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। শুনানীকালে তিনি শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচানায় যথার্থ মর্মে প্রতীয়মান হয়। | **করতোয়া ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা:৮৯৩)** এজেন্সিকে ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানা এবং লাইসেন্সটির কার্যক্রম ০১ (এক) বছরের (২০১৮ খ্রি.) জন্য স্থগিতের আদেশটি বহাল রাখা হলো। |
| ৩১. | M/S Jaman Enterprise, Shanjari Tower, 78 Naya Paltan(Masjid Goli), Dhaka-1000, | 0925 | এজেন্সির স্বত্বাধিকারী জনাব মোস্তফা জামান আহমেদ উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী লাইসেন্স ভাড়া প্রদানের কোন সুযোগ না থাকলেও উক্ত এজেন্সির লাইসেন্সটি ভাড়ায় পরিচালিত হয়ে আসছে৷ তাছাড়া প্রতি প্রতি ৪৫জন হাজীর জন্য ১জন গাইডের নির্দেশনা থাকলেও ৯৪জন হাজীর জন্য ১জন গাইড নির্ধারন এবং হাজীদেরকে ৫/৬ কি:মি: দূরে রেখে কষ্ট দিয়েছে। যা সুষ্ঠু হজ ব্যবস্থাপনা পরিপন্থি। শুনানীকালে তিনি শাস্তির আদেশ খন্ডানোর মতো কোন তথ্য/যুক্তি উপস্থাপন করতে পারেননি। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচানায় যথার্থ মর্মে প্রতীয়মান হয়। | **মেসার্স জামান এন্টারপ্রাইজ (হ: লা: ৯২৫)** এজেন্সিকে ইতোপূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত শাস্তি বহাল রাখা হলো। |
| ৩২. | Mahir hajj service & tours, house#7, road#7, section#3, kaderabad, mohammadpur, dhaka. | 0989 | মাহির হজ সার্ভিস এন্ড ট্যুরস (হ: লা: ৯৮৯) এর স্বত্বাধিকারী জনাব মো: নাজমুল হুদা উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। মাহির হজ সার্ভিস এন্ড ট্যুরস (হ: লা: ৯৮৯), ইমন ট্রাভেলস (লা: নং৭৫৭) এবং এম এম ট্রাভেলসহ তিনটি এজেন্সি ১২ হাজীর টাকা পয়সা লেনদেন বিষয়ে অভিযোগটি উত্থাপিত হয়। তদন্ত কমিটির সুপারিশ যথাযথ বলে প্রতীয়মান হয়। | মাহির হজ সার্ভিস এন্ড ট্যুরস (হ: লা: ৯৮৯) কে পূর্বে প্রদত্ত শাস্তি লাইসেন্স বাতিল বহাল রাখা হলো। |
| ৩৩. | S. Sardar travel agency, 4 no. Shohid tazuddin ahmad sarani, baro maghbazar, dhaka-1217. | 913 | এজেন্সির পক্ষে ম্যানেজার জনাব খোকন শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হল। শুনানীকালে এজেন্সির ম্যানেজার জানান যে, তদন্ত কমিটির নিকট জনাব আবদুল্লা আল নোমান কর্তৃক প্রদত্ত জবানবন্দি সম্পূর্ণরূপে সঠিক নয়। লাইসেন্সটি মোনাজ্জেমকে ভাড়া প্রদান করা হয়নি। তবে মালিকের পক্ষে মোনাজ্জেমকে লাইসেন্স পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়েছিল। ভবিষ্যতে লাইসেন্স পরিচালনার ক্ষেত্রে তারা অতিকতর সতর্ক থাকবেন বলে জানান এবং প্রদত্ত শাস্তির দায় হতে অব্যহতির অনুরোধ জানান। | এস. সরদার ট্রাভেলস (হ.লা-০৯১৩)-কে প্রদত্ত শাস্তি কমিয়ে ০১ (এক) বছরের জন্য (২০১৮ খ্রি. সালের জন্য) লাইসেন্স স্থগিত করা হলো। |



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | | | নথিপত্র ও তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। কমিটির প্রতিবেদন যথার্থ বলে প্রতীয়মান হয়। | |
| ৩৪. | M.S Tours & Travels. Mega Chayaneer (1st Floor-A-1), House-45, Road-27, Block-A, Banani, Dhaka-1213 | **921** | এজেন্সির স্বত্তাধিকারী ইঞ্জি: মো: ছিদ্দিকুর রহমান শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হল। নথিপত্র পর্যালোচনায় উক্ত এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। | এম. এস ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা:নং-৯২১)-এর হজ লাইসেন্স ০১ (এক) বছরের জন্য (২০১৮ খ্রি. সালের জন্য) স্থগিত করা ও ০১.০০ (এক) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৩৫. | Mco Travels & Tours, Mco Tower (3rd Flr), House# 82/A, Road #11, Block #D, Banani, Dhaka-1213. | **1014** | এজেন্সির প্রতিনিধি জনাব মো: হাসান উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। | এমসিও ট্রাভেলস এন্ড ট্যুরস **(হ: লা: ১০১৪)** এর বিরুদ্ধে ৬ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৩৬. | Modina Air International Aviation 205, Shahid Syed Nazrul Islam Sharani, Bijoy Nagar, Dhaka-1000. | **1041** | এজেন্সির স্বত্তাধিকার জনাব মো: সাইফুল ইসলাম উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। এজেন্সির মালিক তার লাইসেন্সটি প্রতি বছর ভাড়া দিয়ে আসছেন। অন্যদিকে জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী হজ লাইসেন্স ক্রয়/বিক্রয় করার কোন সুযোগ নেই। | মদিনা এয়ার ইন্টারন্যাশনাল এভিয়েশন **(হ: লা: ১০৪১)** এর বিরুদ্ধে পূর্বে নিম্নরুপ শাস্তি প্রদান করা হলো:<br>(ক) জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল এবং ১০লক্ষ টাকা জরিমানা;<br>(খ) ২৮জন হাজীর টিকিটের মূল্য, মক্কা, মদিনার খাওয়ার খরচ এবং গাড়ি ভাড়া বাবদ গৃহিত অতিরিক্ত টাকা ফেরত প্রদানের নির্দেশ প্রদান। |
| ৩৭. | Monir Tours & Travels. House # 34, (Ground Floor), Nikunja-2, Khilkhet, Dhaka-1229 | **1049** | তদন্ত কমিটি-১, ২ ও ৩ এর প্রতিবেদন এবং অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মনির ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ১০৪৯) এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে, যা সুষ্ঠু হজ ব্যবস্থাপনার পরিপন্থি। | মনির ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ১০৪৯)-কে জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৩৮. | N.E. Air Service, 67, Motijheel C/A (1st Floor), Dhaka. | **1067** | এজেন্সির মালিক জনাব মো: এনামুল হক উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তিনি অভিযোগের বিষয়গুলো স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা করেন। | এন ই এয়ার সার্ভিস **(হ: লা: ১০৬৭)** এর লাইসেন্স বাতিলসহ ১৫ লক্ষ টাকা জরিমানা দন্ড প্রদান করা হলো।<br>অন্যদিকে গ্রুপ লিডার জনাব মিজানুর রহমান পিতা: কলিমুল্লাহ, গ্রাম: সেন্দি, বাড়ি: মোল্লা বাড়ি, ইউপি: গোয়ালমারি, দাউদকান্দি, কুমিল্লা (তদন্তে প্রাপ্ত তথ্য অনুযায়ী বর্তমান ঠিকানা ১৪০৯/২ পূর্ব জুরাইন, সবুজবাগ, ঢাকা) একজন প্রতারক। তিনি নিজ নামে ভুয়া ভিজিটিং কার্ড মুদ্রণ করে সহজ সরল মুসলমানদের সঙ্গে প্রতারণা করছেন বিধায় আইন প্রয়োগকারী সংস্থাকে এ তথ্য প্রদান করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা। |

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| ৩৯. | Royal Taiba Aviation. 29, Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000 | 1126 | এজেন্সীর মালিক জনাব কবির হোসেন শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটি দুটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। মালিক সৌদি আরবে বসবাস করেন মর্মে রিভিউ কমিটির নিকট স্বীকার করেন। সৌদি আরবে অবস্থান করে হজ ব্যবস্থাপনা কার্যক্রম সম্পন্ন করা সম্ভব নয়। তাছাড়া সৌদি পর্বের তদন্ত কমিটির প্রতিবেদনও প্রমাণিত হয়েছে। | রয়েল তাইবা এভিয়েশন (হ: লা: নং-১১২৬) এর হজ হজ লাইসেন্স বাতিল ও ৫.০০/- (পাঁচ লক্ষ) টাকা জরিমানা প্রদান করা হলো। |
| ৪০. | Saeed Air International, Suite No-E-102 (1st Fl.) Dr. Nawab Ali Tower, 24-Puranapalton, Dhaka-1000. | 1145 | এজেন্সীর মালিক জনাব মোঃ আবু সাইদ শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। প্রতিবেদনটি যথার্থ বলে প্রতীয়মান। | সাইদ এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ১১৪৫) এর লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্তের আদেশ বহাল রাখা হলো। |
| ৪১. | Shuaib Air International, 166-167, Al Razi Comples, Suite No. C/A 302, 3rd Floor, Purana Paltan, Dhaka-1000. | 1192 | এজেন্সীর মালিক জনাব নূরুল আমিন শুনানীতে অনুপস্থিত তবে এজেন্সির পক্ষে তার ভাতিজা জনাব মো: ফাহিম উপস্থিত হন। তবে তিনি বৈধ কোন কাগজপত্র দেখাতে পারেনি। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন যথার্থ বলে প্রতীয়মান। | শুয়াইব এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ১১৯২) নামীয় হজ লাইসেন্সের কার্যক্রম ০১ (এক) বছরের (২০১৮ খ্রি. সনের) জন্য স্থগিত এবং ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানার আদেশ বহাল রাখা হলো। |
| ৪২. | Sirajgang Tours & Travels, House No. 5, Road No. 3, Sector-5, Uttara, Dhaka.-1230 | 1202 | সিরাজগঞ্জ ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: নং-১২০২) এর স্বত্তাধিকারী/বৈধ প্রতিনিধি শুনানীতে অনুপস্থিত ছিলেন। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন যথার্থ বলে প্রতীয়মান। | সিরাজগঞ্জ ট্যুরস এন্ড ট্রাভেলস্ (হজ লাইসেন্স ১২০২) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা হলো: "(ক) হজ লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত এবং দশ লক্ষ টাকা জরিমানা। (খ) সিরাজগঞ্জ ট্যুরস এন্ড ট্রাভেলস্ (হজ লাইসেন্স ১২০২) এর ,মালিক জনাব আ: হাই ভবিষ্যতে কোন এজেন্সির মাধ্যমে মোনাজ্জেম বা গাইড হিসেবে সৌদি আরব না যেতে পারে বা ভিসা পেতে না পারে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য হাবসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান। |
| ৪৩. | Sonia Travels & Tours. V.I.P Tower (13th Floor), 51/1, Vip Road, Naya Paltan, Dhaka-1000 | 1218 | এজেন্সীর মালিক জনাব আল আমিন ও মোনাজ্জেম জনাব মো: নেয়ামতুল্লাহ শুনানীতে উপস্থিত ছিলেন। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। যথার্থ বলে প্রতীয়মান হয়। তিনি তার এজেন্সিকে প্রদত্ত শাস্তি মওকুফ বা লাঘবের পক্ষে যথাযথ তথ্য-প্রমাণ দাখিল করতে ব্যর্থ হয়েছেন। | সোনিয়া ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ১২১৮) নামীয় হজ লাইসেন্সের বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি বহাল রাখা হলো: "(ক) সোনিয়া ট্রাভেল এন্ড ট্যুরস (হ: লা: ১২১৮) এর হজ লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্তসহ ০৩ (তিন) লাখ টাকা জরিমানা। (খ) তাছাড়া মোনাজ্জেম জনাব নেয়ামতুল্লাহ মাদরাসার শিক্ষক (মুহাদ্দিস) হয়ে হজ মৌসুমে দীর্ঘ সময় মাদরাসা হতে ছুটি নিয়ে সৌদি আরব গমন করেছিলেন |



এস.এম. মনিরুজ্জামান
...সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| | | | | কিনা এবং মোনাজ্জেম হিসেবে দায়িত্ব পালনের জন্য কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করেছিলেন কিনা-তা তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা।" |
| ৪৪. | South Asian Travels. 14 Purana Paltan, Darus Salam Arched (5th Floor), Dhaka. | 1223 | সাউথ এশিয়ান ট্রাভেলস এজেন্সির মালিকের (জনাব সালে আকবর মৃত) পক্ষে তার মেয়ে মোসাঃ সুমাইয়া শুনানীতে উপস্থিত হন এবং আল সাফা ট্রাভেলস এজেন্সির ম্যানেজার জনাব ছিদ্দিকুর রহমান শুনানীতে উপস্থিত ছিলেন। জনাব ছিদ্দিকুর রহমান এর আচরণ কমিটির নিকট অসৌজন্যমূলক প্রতীয়মান হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সী দুটির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান হয়। | (ক) সাউথ এশিয়ান ট্রাভেলস (হ: লা: ১২২৩) এর লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত আদেশ বহাল রাখা হলো। |
| | M/S. Al-Safa Air Travels, 92/3, Madina Mansion, Teri Bazar, Andarkilla, Chittagong. | 0233 | | (খ) M/S. Al-Safa Air Travels (হ: লা: ২৩৩) হজ লাইসেন্স বাতিল এবং ৫.০০/- (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৪৫. | Suhail Air International. 166-167, Al Razi Comples, Suite No. C/A 301, 3rd Floor, Purana Paltan, Dhaka-1000 | 1235 | এজেন্সীর ম্যানেজার জনাব মো: আব্দুর রাজ্জাক শুনানীতে উপস্থিত হন। তার বক্তব্য শোনা হল। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। প্রতিবেদন যথার্থ বলে প্রতীয়মান হয়। | Suhail Air International. (হ: লা: ১২৩৫) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত এবং ০৩ (তিন) লাখ টাকা জরিমানার আদেশ বহাল রাখা হলো। |
| ৪৬. | Sunshine Travel Air International. House-67 (Ground Floor), Road-2, Sector-14, Uttara west, Dhaka. | 1247 | এজেন্সীর মালিকের পক্ষে ম্যানেজার জনাব মীর হোসেন শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, হাজীগণের দেশে ফেরা এবং মদীনায় যাওয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়ে। তাছাড়া সরকার নির্ধারিত প্যাকেজ মূল্যের চেয়ে কম টাকায় হাজী সংগ্রহ করে অধিক সুবিধা প্রদানের মিথ্যা আশ্বাস দেয়া হয়, যা প্রতারণার শামিল। অন্যদিকে কাউন্সেলর (হজ) এর লিখিত অনুরোধ সত্ত্বেও সৌদি আরবে বকেয়া মোয়াল্লেম ফি জমা না দিয়ে দেশের ভাবমূর্তি নষ্ট করা হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন যথার্থ বলে প্রতীয়মান। | সানসাইন ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা: ১২৪৭) এর লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত এবং ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানার আদেশ বহাল রাখা হলো। |
| ৪৭. | The Maxzim Travels Agency & Tours, Shanjari Tower (G.F) Room No.1/B, 78, Nayapaltan, Dhaka. | 1265 | এজেন্সীর মালিক জনাব ছানাউল্লাহ শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। পর্যালোচনা যথার্থ বলে প্রতীয়মান হয়। তবে এজেন্সির মালিক শুনানীকালে তার এজেন্সির বিরুদ্ধে প্রদত্ত শাস্তি কমানোর কোন যুক্তি/তথ্য উপস্থাপন করতে পারেননি। | The Maxzim Travels Agency & Tours (হ: লা: ১২৬৫)-কে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত এবং ১৫.০০ (পনের) লক্ষ টাকা জরিমানার আদেশ বহাল রাখা হলো। |

এস.এম. মনিরুজ্জামান
উপ-সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| ৪৮. | Travel Nurani. House # 15/5 (2nd Floor), Progati Sharini, Jagannathpur, Badda, Dhaka-1229 | **1276** | এজেন্সীর পক্ষে জনাব আব্দুল আউয়াল শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তবে তিনি শুনানীকালে তার এজেন্সির বিরুদ্ধে প্রদত্ত শাস্তি কমানোর কোন যুক্তি/তথ্য উপস্থাপন করতে পারেননি। | ট্রাভেল নুরানী (হ: লা: ১২৭৬) এর হজ লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত এবং ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানার আদেশ বহাল রাখা হলো। এ প্রতিবেদনের ক্রমিক নং-৪৬ এ সানসাইন ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা: ১২৪৭) এজেন্সি-কে প্রদত্ত শাস্তির সুপারিশ করা হলো। |
| ৪৯. | Uniglobe travels, 29, toyenbee circular road, motijheel c/a, dhaka-1000, | **1279** | এজেন্সীর স্বত্তাধিকারী জনাব মোখতার হোসেন শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান হয়েছে। | ইউনি গ্লোব (হ: লা: ১২৭৯) এর হজ লাইসেন্সের কার্যক্রম ০১ (এক) বছরের জন্য (২০১৮ খ্রি. সালের জন্য) স্থগিতসহ ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫০. | Venice Travels & Tours 62/2, Purana Paltan (1st Floor), Dhaka-1000. | **1282** | এজেন্সীর মোনাজ্জেম জনাব মো: আবু হাসনাত শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান হয়েছে। | ভেনিস ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: নং-১২৮২) এর হজ লাইসেন্সের কার্যক্রম ০১ (এক) বছরের জন্য (২০১৮ খ্রি. সালের জন্য) স্থগিতসহ ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫১. | Al Rafi Travel Trade. House-30, (Flat-3/D) Sonargaon Janapath Road, Sector-11, Uttara, Dhaka. | **1339** | এজেন্সীর স্বত্তাধিকারী জনাব মাহবুবুর রহমান শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান। | Al Rafi Travels (HL-1339)-এর হজ লাইসেন্স ০১ (এক) বছরের জন্য (২০১৮ খ্রি. সালের জন্য) স্থগিত এবং ০৫ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫২. | Eco Aviation & Tourism, 351/6, Bir Muktijuddah, Cornal Nowajes Uddin Sarak, 2nd Muradpur, Kumilla. | **1348** | এজেন্সীর স্বত্তাধিকারী জনাব রুহুল কুদ্দুস শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। শুনানী ও তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান হয়। | Eco Aviation & Tourism, (HL NO:1348) এর লাইসেন্স বাতিল এবং ০১ (এক) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫৩. | saoban air travels. 242/243, west agargaon, sher-e-banglanagar, dhaka. | **1430** | এজেন্সীর পক্ষে মাও: আশরাফ শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদনে এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক বলে প্রতীয়মান। | Saoban air travels (হ: লা: নং-১৪৩০)-এর হজ লাইসেন্স বাতিল এবং ১০(দশ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫৪. | Jetway Travel 55/b purana paltan, noakhali tower (4th floor), room 5/b, dhaka-1000. | **1451** | এজেন্সীর প্রতিনিধি শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো।তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক মর্মে রিভিউ কমিটির নিকট প্রতীয়মান হয়। | জেটওয়ে ট্রাভেলস (H.L. ১৪৫১) এর হজ লাইসেন্স ০২ (দুই) বছরের জন্য স্থগিত (২০১৮ ও ২০১৯ খ্রি. সালের জন্য) ও ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | লাইসেন্স নম্বর | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|---|
| (১) | (৩) | (২) | (৬) | (৭) |
| ৫৫. | Holy Darunnazat Hajj Overseas shatabdi center (9th floor), suite # 9/e-2, 292, inner circular road, fakirapool, Dhaka. | 1462 | এজেন্সীর স্বত্তাধিকারী জনাব আনোয়ার শুনানীতে উপস্থিত হন। তাকে শোনা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন এবং কাগজপত্র পরীক্ষা করা হলো। তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। | হলি দারুন্নাজাত হজ ওভারসীজ (H.L. ১৪৬২)- -কে ০১(এক) বছর স্থগিত (২০১৮ খ্রি. সালের জন্য) ও ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |

০৩। জরিমানাকৃত অর্থ ১-৩৫০১-০০০১-১৯০১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাপ্রদানপূর্বক চালানের মূল কপিসহ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১১১১৬
e-mail:morahajsection@gmail.com

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.১৮.৩৪৮

তারিখ : ০১ চৈত্র ১৪২৪ / ১৫ মার্চ ২০১৮

সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: পরিচালক-১০)।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি www.mora.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।।
৮. ব্যবস্থাপক .........................................................................................................(সংশ্লিষ্ট ব্যাংক)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: (পত্রটি www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (হজ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

(এস.এম মনিরুজ্জামান)
সহকারী সচিব (হজ)